

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.২০২.২০১২-১২০৭

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ কেরামত আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল জজ-১, চাঁপাইনবাবগঞ্জ আদালতে বিশেষ ক্ষমতা ১০১/২০১৭ নম্বর মামলা, ধারা ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৩/৪ এর অভিযোগপত্র গত ১৭ মে ২০১৭ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ কেরামত আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এর বিরুদ্ধে গত ২৮ মার্চ ২০১৬ তারিখ বেলা ১২.৪৫ ঘটিকায় চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল থানাধীন কসবা ইউনিয়নের কেনবোনা গ্রামে অবস্থিত সততা ইট ভাটায় নাশকতামূলক কর্মকাণ্ড পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য আসামীসহ জড়ো হওয়ার অভিযোগ রয়েছে। মামলার বর্ণনা অনুযায়ী ঘটনার দিন নাশকতা সৃষ্টির উদ্দেশ্যে জড়ো হলে জানমালের নিরাপত্তা রক্ষার্থে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ঘটনাস্থল হতে তাকে গ্রেফতার করে এবং গ্রেফতারের সময় তার নিকট হতে ০৭টি ককটেল ও ৫০০ গ্রাম গান পাউডার উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি এবং তিনি স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রম পরিচালনায় প্রভাব বিস্তার করতে পারে মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কেরামত আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. Amin
০৮/১০/২০১৭
(ড. জুলিয়া মর্গন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.২০২.২০১২-১২০৭

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব মোঃ কেরামত আলী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

J. Amin
০৮/১০/২০১৭
(ড. জুলিয়া মর্গন)
উপসচিব